

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার নির্বাচন সম্পন্ন

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার নির্বাচন কমিশনার গত ৭ই জুন ২০০৯ তারিখে ২০০৯-১০
বর্ষের জন্যে মিসেস সাইয়েদা খানম আঙ্গুর ও মোসলেহউদ্দিন আরিফকে যথাক্রমে সভাপতি ও সাধারণ



সম্পাদক পদে বিনা
প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা
করেছেন।

এ ছাড়াও কার্যকরী পরিষদের
অন্যান্য পদে আরো যারা
বেসরকারীভাবে নির্বাচিত
হয়েছেন বলে ঘোষনা করা
হয়েছে তারা হলেন সহ-সভাপতি
পদে হাফিজুল ইসলাম তারেক,
সহকারী সাধারণ সম্পাদক পদে
কুদরতউল্লাহ লিটন, কোষাধ্যক্ষ

পদে মো: সালাহউদ্দিন মানিক, সাংগঠনিক সম্পাদক পদে মো: আশরাফুল আলম রনি, শিক্ষা ও
সাংস্কৃতিক সম্পাদক পদে মোস্তফা মোরশেদ নিতুন, প্রকাশনা ও প্রচার সম্পাদক পদে আব্দুর রহিম,
কল্যাণ ও গবেষণা সম্পাদক পদে ওমর ফারুক, তথ্য ও দণ্ড সম্পাদক পদে এস.এম. রানা, ক্রীড়া
সম্পাদক পদে রহমত উল্লাহ এবং কার্যকরী পরিষদের সদস্য পদে এইট্রেম হেলাল উদ্দিন, মোহাম্মদ
নাসিরুল হক ও এনএম মাসুম।

নির্বাচন কমিশনের ঘোষনায় আরো জানানো হয়েছে যে কার্যকরী পরিষদের সদস্যের পাঁচটি পদের
মধ্যে দুইটি মনোনয়ন পত্র দাখিল হওয়ায় তিনটি পদকে শূন্য ঘোষনা করা হয়েছে এবং উক্ত তিনটি
পদ সাংবিধানিক ধারা মতে নবনির্বাচিত কার্যকরী পরিষদ তাদের প্রথম সভায় সংগঠনের সদস্যদের
মধ্য থেকে কো-অপট করে নেবেন।